নং ৪১.০০.০০০০.০৩৬.২৭.১৮৫.০৭.৩৯৬—যেহেতু, খান আবুল বাশার, সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যক্রম-১, ঢাকা (প্রাক্তন উপজেলা সমাজসেবা অফিসার, মধুখালী, ফরিদপুর) এর বিরুদ্ধে উপজেলা সমাজসেবা কার্যালয়, মধুখালী, ফরিদপুরে কর্মকালীন সময়ে ঘূর্ণায়মান তহবিলের ৫,২০,৭৮৩/- (পাঁচ লক্ষ বিশ হাজার সাত শত তিরাশি) টাকা আত্মসাতের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও (ডি) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা (নং ১৮/২০০৭ তারিখ ১৮-১২-২০০৭) চালু করা হয়; এবং

২। যেহেতু, উপর্যুক্ত অভিযোগানামার প্রেক্ষিতে গত ১৮-১২-২০০৭ তারিখের সকম/প্রঃ-৪/১৮৫/২০০৭/৫৪০ সংখ্যক স্মারক মূলে তাঁর নিকট অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

৩। যেহেতু, উপর্যুক্ত অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্ত খান আবুল বাশার ৬-১-২০০৮ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ১২-২-২০০৮ তারিখে ব্যক্তিগত শুনানী প্রদান করেন। উক্ত জবাব ও ব্যক্তিগত শুনানীর বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অভিযোগসমূহ তদন্ত করার জন্য গত ৩-৬-২০১০ তারিখের সকম/প্রঃ-৪/১৮৫/২০০৭/১৪১ সংখ্যক স্মারকমূলে জনাব মুহাম্মদ তাইয়েবুল ইসলাম, উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়কে আহ্বায়ক করে ৩(তিন) সদস্যের 'তদন্ত বোর্ড' গঠন করা হয়; এবং

৪। যেহেতু, উক্ত 'তদন্ত বোর্ড' অভিযোগসমূহ তদন্ত করে গত ৬-৯-২০১২ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও (ডি) অনুযায়ী 'অসদাচরণ' (Miscondut) ও দুর্নীতি' (Corrupt) এর অভিযোগ প্রমাণিত মর্মে প্রতিবেদনে উল্লেখ করেন; এবং

৫। যেহেতু, 'তদন্ত বোর্ড'র উপর্যুক্ত তদন্ত প্রতিবেদন ও বিভাগীয় মামলার সহিত সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা করিয়া অভিযুক্ত কর্মকর্তা খান আবুল বাশার এর বিরুদ্ধে 'অসদাচরণ' (Miscondut) ও দুর্নীতি' (Corrupt) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (এ) অনুযায়ী 'নিম্ন বেতন স্কেলে অবনমিতকরণ' (Reduction of lower time-scale)'র প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং গত ২৮-৪-২০১৩ তারিখের সকম/প্রঃ-৪/১৮৫/০৭/২১১ সংখ্যক স্মারকমূলে তাঁকে ২য় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

৬। যেহেতু, খান আবুল বাশার গত ৭-৫-২০১৩ তারিখে ২য় কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং উক্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় প্রস্তাবিত দণ্ড আরোপের ব্যাপারে ২২-২-২০১৪ তারিখের ৪১.০০.০০০০.০৩৬.০৪.১৮৫.০৭.৩০১ সংখ্যক স্মারকমূলে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনকে মতামত প্রদানের অনুরোধ জানান হলে কর্ম কমিশন ২৪-৯-২০১৪ তারিখের ৮০.১০৫.০০৪.৪১.০১.২৩.২০১৪.২৪৬ সংখ্যক স্মারকমূলে জনাব খান আবুল বাশারকে 'নিম্ন বেতন স্কেলে অবনমিতকরণ' প্রস্তাবে সম্মতি জ্ঞাপন করে; এবং

৭। যেহেতু, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেন ও এর সাথে সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা এবং সরকারি কর্ম কমিশনের সম্মতির প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা খান আবুল বাশারকে তাঁর কৃত অপরাধের (অসদাচরণ ও দুর্নীতি) জন্য 'নিম্ন বেতন স্কেলে অবনমিতকরণ'র (গুরুদণ্ড) সিদ্ধান্ত গৃহীত হয়;

৮। এক্ষণে, সেহেতু খান আবুল বাশার, সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যক্রম-১, ঢাকা (প্রাক্তন উপজেলা সমাজসেবা অফিসার, মধুখালী, ফরিদপুর) কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও (ডি) মোতাবেক 'অসদাচরণ' (Miscondut) ও দুর্নীতি' (Corrupt) অভিযোগে দোষী সাব্যস্ত করে উক্ত বিধিমালা'র বিধি ৪(৩) (এ) মোতাবেক নিম্ন বর্ণিত শর্তে 'নিম্ন বেতন স্কেলে অবনমিতকরণ' (Reduction of lower time-scale) (গুরুদণ্ড) করা হলো।

শর্তসমূহ

(১) নিম্ন টাইম স্কেলে অবনমিতকরণ দণ্ড চাকুরির কাল পর্যন্ত বহাল থাকবে;

(২) নিম্ন টাইম স্কেলে অবনমিতকরণ ক্ষেত্রে তিনি ১২০০০-৬০০×১৬-২১৬০০/- স্কেলের বেতন প্রাপ্য হবেন।

৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নাছিমা বেগম এনডিসি
সচিব।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ০৯ মাঘ ১৪২১/২২ জানুয়ারি ২০১৫

নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৬৯.১৩-৮৮—যেহেতু, জনাব মোঃ মনজুর আহমেদ সিদ্দিকী, সাবেক সহকারী পুলিশ সুপার, র‍্যাব-৯, সিলেট, বর্তমানে সহকারী পুলিশ সুপার টাঙ্গাইল (সদর) এবং চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত এর বিরুদ্ধে সহকারী পুলিশ সুপার হিসেবে র‍্যাব-৯, সিলেট এর শ্রীমঙ্গল ক্যাম্পে জানুয়ারি/২০১১ খ্রিঃ হতে নভেম্বর/২০১১ খিঃ এবং মে/২০১২ হতে ফেব্রুয়ারি/২০১৩ খ্রিঃ পর্যন্ত কর্মরত থাকাকালীন মৌলভীবাজার জেলার সাধুয়াটি, শেরপুর, আতানগিরি, দিঘীরপাড়, রাজনগর, বরহা, শামস মহলসহ বিভিন্ন এলাকায় অবৈধভাবে জুয়ার আসর চলত। জুয়ার আসর হতে তার নিয়োগকৃত সোর্স মানিক এবং ইকবালের মাধ্যমে অবৈধভাবে আর্থিক লাভবানের আশায় উৎকোচ গ্রহণ করতেন। র‍্যাব ক্যাম্পের সোর্স ইকবাল ও মানিক র‍্যাব ক্যাম্পের নামে সংগৃহীত অর্থ থেকে জুয়া খেলার দিনগুলোতে প্রতিরাত্রে ১৫/২০ হাজার টাকা করে তাকে প্রদান করত। অন্যান্য সোর্সগণ ও স্থানীয় জনগণ তাকে অবৈধ জুয়ার আসরের বিষয়টি অবগত করলেও তিনি বিষয়টি জেনে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেননি বরং অবৈধভাবে লাভবানের আশায় নিরব থেকেছেন। উল্লিখিত অভিযোগে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৬৯.১৩-৯৭৯ তারিখ ২৭-১০-২০১৩ খ্রিঃ মূলে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারী করে অত্র মন্ত্রণালয়ের ২৮-৪-২০১৪ তারিখের ৩৪১ নম্বর স্মারকে জনাব এম এ মাসুদ, অতিরিক্ত পুলিশ সুপার, মৌলভীবাজার জেলা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৪), ৭(১০) এবং ১০নং বিধির বিধান অনুসারে যথাযথভাবে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

২। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মনজুর আহমেদ সিদ্দিকী এর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়নি।

৩। এক্ষণে, সেহেতু, জনাব মোঃ মনজুর আহমেদ সিদ্দিকী এর বিরুদ্ধে উক্ত বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধানমতে আনীত অভিযোগসমূহের দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হ'ল এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৮-১০-২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪. ০২.০৬৯.১৩-৯৮৪ নম্বর প্রজ্ঞাপনমূলে সাময়িকভাবে বরখাস্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হ'ল। তার সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

আইন অধিশাখা-৩

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৫ জানুয়ারি ২০১৫

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৩-২৯—ফেনী জেলার দাগনভূঞা থানার মামলা নম্বর-১১, তারিখ, ১১-১-২০১৪ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(১) (খ) ধারা মামলার আসামীগণ গত ১১-১-২০১৪ খ্রিঃ তারিখে অনুমান ১২.৪৫ ঘটিকার সময় উক্ত থানার মামলার নম্বর ০১(১২)১৩ এর এজাহার নামীয় আসামী মোঃ বোরহান উদ্দিন @ বোরহান, পিতা নুরুল আমিন, সাং চাঁনপুর, (মিয়াজী বাড়ী), থানাঃ দাগনভূঞা এর বাড়ীতে পেট্রোল বোমা তৈরী করে। ধৃত আসামী পেট্রোল বোমা তৈরী করে জননিরাপত্তা বিঘ্নিত করে, জনগণের মধ্যে ত্রাস সৃষ্টি করে দেশের সার্বভৌমত্বের বিরুদ্ধে কার্যকলাপ করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(১) (খ) ধারার অপরাধ সংঘটন করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৩-৩০—খুলনা জেলার তেরখাদা থানার জিডি নং ৪১৬, তারিখ ১২-৮-২০১৪ খ্রিঃ অনুযায়ী আসামী মাওলানা মোঃ কবিরুল ইসলাম (থানা জামায়াতের আমির), পিতা আঃ জলিল শেখ, সাং আনন্দনগর, থানা তেরখাদা, খুলনাসহ ১৪ জন এবং অজ্ঞাতনামা ১০/১২ জন ১৫ আগস্ট/২০১৪ খ্রিঃ তারিখ জাতীয় শোক দিবসকে সামনে রেখে সরকার বিরোধী এক গোপন ষড়যন্ত্রে লিপ্ত হয়। আসামীগণ প্রত্যেকেই জামায়াতে ইসলামীর থানা পর্যায়ের শীর্ষ নেতা ও সক্রিয় কর্মী। তারা প্রাণঘাতী অস্ত্রে-শস্ত্রে সজ্জিত হয়ে জাতীয় শোক দিবসে উপজেলা কেন্দ্রীয় কর্মসূচীকে বানচাল, যুদ্ধারাধী মাওলানা দেলোয়ার হোসেন সাঈদীর মামলার রায়কে বাধাগ্রস্ত, নির্বাচিত সরকারকে উৎখাত করার ষড়যন্ত্র এবং নাশকতামূলক কর্মকাণ্ড করার চেষ্টা করে অপরাধমূলক ষড়যন্ত্র ও রাষ্ট্রদ্রোহীতার অপরাধে অভিযুক্ত যা দণ্ডবিধি, ১৮৬০ এর ১২০খ ও ১২৪ক ধারায় বর্ণিত অপরাধ।

২। বর্ণিতাবস্থায়, আসামীগণের বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০ এর ১২০খ এবং ১২৪ক ধারায় রাষ্ট্রের বিরুদ্ধে অপরাধমূলক ষড়যন্ত্র ও রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে মামলা রুজুর লক্ষ্যে অফিসার ইনচার্জ, তেরখাদা থানা, জেলা খুলনাকে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর যথাক্রমে ১৯৬ক এবং ১৯৬ ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্দ্বারা নির্দেশক্রমে জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৪-৩১—ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর থানার জিডি নং ৩৩, তারিখ ১-১০-২০১৪ খ্রিঃ অনুযায়ী আসামী মোঃ মামুন হোসেন (২০), পিতা মোঃ আব্দুল মান্নান, সাং কাগমারী, থানা কোটচাঁদপুর, জেলা ঝিনাইদহ এবং গ্রেফতারকৃত ৬(ছয়) অপরাপর আসামীরা সরকার পতনের আন্দোলনের নামে বিভিন্ন নাশকতামূলক কর্মকান্ডের পরিকল্পনা, সরকারি বেসরকারি স্থাপনসমূহে অগ্নিসংযোগ, প্রশাসনের লোকজনের উপর আক্রমন, সরকারের প্রতি অনাস্থা, সরকারকে অবৈধ বলে প্রচার করা, নাশকতামূলক ও রাষ্ট্রদ্রোহীতামূলক কর্মকান্ডের অপচেষ্টায় লিপ্ত থেকে অপরাধমূলক ষড়যন্ত্র ও রাষ্ট্রদ্রোহীতার অপরাধ করেছেন। আসামীদের উক্তরূপ কর্মকান্ড দন্ডবিধি, ১৮৬০ এর ১২০খ ও ১২৪ক ধারার অপরাধ।

২। বর্ণিতাবস্থায়, আসামীগণের বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০ এর ১২০খ এবং ১২৪ক ধারায় রাষ্ট্রের বিরুদ্ধে অপরাধমূলক ষড়যন্ত্র ও রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে মামলা রুজুর লক্ষ্যে অফিসার ইনচার্জ, কোটচাঁদপুর থানা, জেলা ঝিনাইদহকে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর যথাক্রমে ১৯৬ক এবং ১৯৬ ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্দ্বারা নির্দেশক্রমে জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-৩৪—কুমিল্লা জেলার বুড়িচং থানার মামলা নম্বর-৪১, তারিখঃ ৩০-১১-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২) এর (অ) (আ) (উ)/১২ ধারা মামলার আসামীগণ গত ৩০-১১-২০১৩ খ্রিঃ তারিখে বেলা ১২.৩০ ঘটিকার সময় বুড়িচং থানাধীন কালাকুয়া বাজারস্থ সবুজ সাথী স্টোর ও দেলোয়ার মেডিক্যাল হলের সামনে পাকা রাস্তার উপর ১৮ দলীয় ঐক্য জোটের নেতা কর্মীরা বেআইনী জনতার দলবদ্ধ হয়ে সন্ত্রাসী কার্যকলাপ দ্বারা স্থানীয় জনগণের জীবন বিপন্ন করা, কর্তব্যরত পুলিশের উপর ইট পাটকেল, ককটেল, পেট্রোল বোমা নিক্ষেপ করতঃ বিস্ফোরণ ঘটিয়ে জখম ও ত্রাস সৃষ্টিসহ জননিরাপত্তা বিঘ্নিত ও সহায়তা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (অ)(আ)(উ)/১২ ধারায় অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-৩৫—কুমিল্লা জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নম্বর-৩১, তারিখঃ ১১-১২-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)১২ ধারা মামলার আসামীগণ গত ১১-১২-২০১৩ খ্রিঃ তারিখে বেলা ১১.১৫ ঘটিকার সময় কোতোয়ালী থানাধীন টমছম ব্রিজ চৌরাস্তার মোড় নামক স্থানে রাস্তার উপর ১৮ দলীয় ঐক্য জোট কর্তৃক রাজপথ রেলপথ এবং নৌপথ অবরোধ কর্মসূচি পালনকালে লাঠিসোটাসহ মারাত্মক দেশীয় অস্ত্র-শস্ত্র/আগ্নেয়াস্ত্রে সজ্জিত হয়ে দাঙ্গা সৃষ্টি করতঃ রাষ্ট্রের সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য জনসাধারণের মধ্যে আংতক সৃষ্টি, কর্তব্যরত পুলিশের উপর ইট-পাটকেল, ককটেল নিক্ষেপ করতঃ বিস্ফোরণ ঘটিয়ে জখম ও ত্রাস সৃষ্টিসহ জননিরাপত্তা বিঘ্নিত ও সহায়তা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)১২ ধারায় অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-৩৬—কুমিল্লা জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নম্বর-১৫, তারিখ ০৯-০১-২০১৪ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/২০১৩)} এর ৬(২)/১২ ধারা মামলার আসামীগণ গত ০৯-০১-২০১৪ খ্রিঃ তারিখ রাত্র ৮:০০ ঘটিকার সময় কোতোয়ালী মডেল থানাধীন শাসনগাছা সাকিনের কৃষি অফিসের সামনে রাস্তার উপর রাখা মাইক্রোবাসে অগ্নিসংযোগ করে সন্ত্রাসী কার্য সম্পাদন পূর্বক সম্পত্তির ক্ষতি সাধন ও সন্ত্রসী কার্যে সহায়তা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)/১২ ধারায় অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-৩৭—কুমিল্লা জেলার বরুড়া থানার মামলা নম্বর-০৯, তারিখ ১২-১১-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)/১২ ধারা মামলার আসামীগণ গত ৩০-১০-২০১৩ খ্রিঃ তারিখ দুপুর অনুমান ১২.০০ ঘটিকা হতে ১.৩০ ঘটিকার মধ্যে সময়ে বরুড়া থানাধীন নলুয়া চাঁদপুর বাজারের পূর্ব পাশে কুমিল্লা-চাঁদপুর মহাসড়কের দক্ষিণ পাশে আওয়ামীলীগ অফিস এবং লক্ষ্মীপুর বাজারস্থ আওয়ামীলীগের পাটি অফিস ভাংচুর, অফিসের রক্ষিত মালামালে আগুন দেয়া, ককটেল বিস্ফোরণ ঘটানো এবং সন্ত্রাসী কার্যকলাপ দ্বারা জনমনে আতংক সৃষ্টিসহ সন্ত্রাসী কার্যকলাপে সহায়তা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)/১২ ধারায় অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-৩৮—কুমিল্লা জেলার বরুড়া থানার মামলা নম্বর-২০, তারিখ ২৮-১০-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)/১২ ধারা মামলার আসামীগণ গত ২৭-১০-২০১৩ খ্রিঃ তারিখ বেলা অনুমান ১১.০০ ঘটিকা ঘটিকার সময়ে বরুড়া থানাধীন দক্ষিণ লক্ষ্মীপুর বাজারে রাস্তার উপর ও মজুমদার ষ্টোরের ভিতর বিএনপি ও জামায়াত সমর্থিত বিবাদীগণ দেশীয় অস্ত্রশস্ত্র, দা, লাঠি, লোহার রড দ্বারা আক্রমণ করে দোকানপাট ভাংচুর করা ও সন্ত্রাসী কার্যকলাপ দ্বারা জনমনে আতংক সৃষ্টিসহ এলাকায় ত্রাস সৃষ্টি করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)/১২ ধারায় অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-৩৯—কুমিল্লা জেলার বরুড়া থানার মামলা নম্বর-১৯, তারিখ ২৭-১০-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)/১২ ধারা মামলার আসামীগণ গত ২৭-১০-২০১৩ খ্রিঃ তারিখ বেলা অনুমান ১০.৩০ ঘটিকার সময়ে বরুড়া থানাধীন আড্ডা দক্ষিণ বাজার চৌরাস্তার উপর বিএনপি ও জামায়াত সমর্থিত বিবাদীগণ দেশীয় অস্ত্রশস্ত্র, দা, লাঠি, লোহার রড দ্বারা আক্রমণ করে দোকানপাট ভাংচুর করা ও সন্ত্রাসী কার্যকলাপ দ্বারা জনমনে আতংক সৃষ্টিসহ এলাকায় ত্রাস সৃষ্টি করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)/১২ ধারায় অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-৪০—কুমিল্লা জেলার বুড়িচং থানার মামলা নম্বর-২০, তারিখ ১৩-১২-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)/১২ ধারা মামলার আসামীগণ গত ১২-১২-২০১৩ খ্রিঃ তারিখ রাত্র অনুমান ২১:১০ ঘটিকার সময়ে বুড়িচং থানাধীন কালিকচুয়া সাকিনের ডাকলিপাড়া ডুবাইচর ও কাবিলা ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে জামায়াত শিবিরের নেতাকর্মী কর্তৃক টায়ার জ্বালিয়ে মহাসড়কে চলাচলরত যানবাহনের গতিরোধ করা ও ট্রাকে আগুন দিয়ে জনমনে আতংক সৃষ্টি, জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনা ও সন্ত্রাসী কার্যক্রমে সহায়তা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)/১২ ধারায় অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-৪১—কুমিল্লা জেলার বুড়িচং থানার মামলা নম্বর-১০, তারিখ ০৮-১২-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২) এর (অ)(আ)(উ)/১২ ধারা মামলার আসামীগণ গত ০৭-১২-২০১৩ খ্রিঃ তারিখ রাত্র অনুমান ২১:১০ ঘটিকার সময়ে বুড়িচং থানাধীন কালিকচুয়া সাকিনের ডাকলিপাড়া ডুবাইচর ও কাবিলা ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে জামায়াত শিবিরের নেতাকর্মী কর্তৃক টায়ার জ্বালিয়ে মহাসড়কে চলাচলরত যানবাহনের গতিরোধ করা ও ট্রাকে আগুন দিয়ে জনমনে আতংক সৃষ্টি, জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনা ও সন্ত্রাসী কার্যক্রমে সহায়তা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২) এর (অ)(আ)(উ)/১২ ধারায় অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-৪২—কুমিল্লা জেলার বুড়িচং থানার মামলা নম্বর-৩৮, তারিখ ২৮-১১-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২) এর (অ)(আ)(উ)/১২ ধারা মামলার আসামীগণ গত ২৮-১১-২০১৩ খ্রিঃ তারিখ সকাল অনুমান ০৭:৩০ ঘটিকার সময়ে বুড়িচং থানাধীন ডুবাইচর ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে ১৮ দলীয় ঐক্য জোটের নেতাকর্মীরা মারাত্মক অস্ত্র-শস্ত্রে সজ্জিত হয়ে সন্ত্রাসী কার্যকলাপ দ্বারা জনমনে আতংক সৃষ্টি, জননিরাপত্তা বিপন্নসহ কর্তব্যরত পুলিশের উপর ইট-পাটকেল, ককটেল ও পেট্রোল বোমা নিক্ষেপ করে সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনা ও সন্ত্রাসী কার্যক্রমে সহায়তা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/২০১৩)} এর ৬(২) এর (অ)(আ)(উ)/১২ ধারায় অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-৪৩—কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম থানার মামলা নম্বর-১৬, তারিখ ১৫-০৩-২০১৪ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২) এর (ই)/১২ ধারা মামলার আসামীগণ গত ১৫-০৩-২০১৪ খ্রিঃ তারিখ দুপুর অনুমান ১২:৩০ ঘটিকার সময় চৌদ্দগ্রাম থানাধীন ভোট কেন্দ্র নম্বর-৪৭ ফাল্গুনকরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুষ্কৃতকারীরা অতর্কিতভাবে আক্রমণ করে ব্যালট বাক্স ছিনতাই করতঃ উপজেলা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন যাতে না হয় সেই ষড়যন্ত্রে লিপ্ত হয়ে সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনা করা ও সরকারি সম্পত্তির ক্ষতিসাধন করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/২০১৩)} এর ৬(২) এর (ই)/১২ ধারায় অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪-৪৪—চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর থানার মামলা নং-০৫, তারিখ ০৯-১০-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৮/৯/১০ ধারা মামলার আসামীগণ গত ০৮-১০-২০১৩ খ্রিঃ তারিখে নিষিদ্ধ ঘোষিত জেএমবি সংগঠনের সদস্য বর্তমানে "আনসারুল্লাহ বাংলা টিম" নামে নতুন একটি জঙ্গি সংগঠন এর সদস্য হিসেবে আইন বিরোধী কার্যক্রম পরিচালনা করাকালে আসামীর নিকট হতে দুইটি কম্পিউটার, দুইটি পেন ড্রাইভ, পঁচিশটি সিডি, ছয়টি বইসহ অন্যান্য মালামাল জব্দ তালিকামূলে জব্দ করা হয়। এজাহারনামীয় ও অজ্ঞাতনামা আসামীগণ জননিরাপত্তা বিঘ্নিত করাসহ জনসাধারণের মধ্যে ত্রাস সৃষ্টির লক্ষ্যে যুদ্ধাপরাধী বিচার, মানবতা বিরোধী অপরাধের বিচারকে বানচাল করার লক্ষ্যে সন্ত্রাসী কার্যক্রম সংঘটন করে এবং একে অপরকে সহায়তা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৮/৯/১০ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ, ২৬ জানুয়ারি ২০১৫

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৩-৪৫—নোয়াখালী জেলার বেগমগঞ্জ থানার মামলা নম্বর-০৩, তারিখ ০১-০৭-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ১০/১৩ ধারা মামলার আসামীগণ গত ০১-০৭-২০১৩ খ্রিঃ তারিখ রাত্র ০১:৫০ ঘটিকার সময় ০৩ নং জিরতলী ইউনিয়নস্থ বাংলা বাজারের দক্ষিণে বারইচতল রোডের পশ্চিম পাশে মোল্লা বাড়ীর সামনে পরিত্যক্ত ডেসটিনি ২০০০ লিঃ প্যারাডাইস এসোসিয়েটস ড্রিম প্রজেক্ট নামক ২য় তলা বিল্ডিং এর নীচতলা অফিসের ভিতরে জামায়াত শিবির কর্মী জামায়াতে ইসলামী বাংলাদেশের সাবেক আমীর যুদ্ধাপরাধী ও মানবতা বিরোধী অপরাধী গোলাম আযমের মামলার আসন্ন রায়কে কেন্দ্র করে যুদ্ধাপরাধীদের বিচার বানচাল ও পুলিশ প্রশাসনসহ অন্যান্য প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীদের গুপ্ত হামলা ও মিছিল মিটিং এর মাধ্যমে নোয়াখালী জেলা ও দেশের অন্যান্য স্থানে আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি ঘটানোসহ দেশের নিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করে জনসাধারণের মনে ভীতি সঞ্চারের লক্ষ্যে সন্ত্রাসী কার্যক্রমে ষড়যন্ত্র এবং প্ররোচণা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ১০/১৩ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৩-৪৭—নোয়াখালী জেলার সেনবাগ থানার মামলা নম্বর-১৩, তারিখ ১৭-০৩-২০১৪ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৮/৯/১২/১৩ ধারা মামলার আসামী গত ১৬-০৩-২০১৪ খ্রিঃ তারিখ বিকাল ১৭:০০ ঘটিকার সময় সেনবাগ থানাধীন নিজ সেনবাগ সাকিনস্থ সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে আব্দুল কাদের (২৯), পিতাঃ মৃত আব্দুর রশিদ, সাং নিজ সেনবাগ, থানাঃ সেনবাগ, জেলা নোযাখালীকে ০১টি কাগজের তৈরী প্যাকেট যাতে অপরূপা ক্লথ ষ্টোর অভিজাত বস্ত্র বিপনী লেখা আছে উহাসহ পুলিশ তাকে আটক করে। ধৃত আসামীসহ অন্যান্য পলাতক আসামীরা সন্ত্রাসী সংগঠনের সক্রিয় সদস্য হিসেবে সন্ত্রাস বিরোধী কার্যকলাপ সংঘটনের জন্য ছাপানো লিফলেট ও বইগুলো নিজ হেফাজতে রেখে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর {(সংশোধনী /২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৮/৯/১২/১৩ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১১.১৩-৪৮—কুমিল্লা জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-৮৩, তারিখ ২৮-১০-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/২০১৩)} এর ৬(২)/১২ ধারা মামলার আসামীগণ গত ২৮-১০-২০১৩ খ্রিঃ তারিখ বেলা অনুমান ০৯:১৫ ঘটিকার সময় কোতোয়ালী মডেল থানাধীন লাকসাম রোডস্থ মিডল্যান্ড হাসপাতালের সামনে রাস্তার উপর ১৮ দলীয় ঐক্যজোট কর্তৃক কর্তব্যরত পুলিশের উপর চড়াও হয়ে পুলিশকে লক্ষ্য করে হাত বোমা/ককটেল বিস্ফোরণ এবং ইটপাটকেল নিক্ষেপ করে কর্তব্যরত কনস্টেবল/৫১০ এবাদুলকে মারাত্মক জখম করতঃ জননিরাপত্তা বিপন্ন করার লক্ষ্যে সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনা ও সহায়তা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)/১২ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১১.১৩-৪৯—কুমিল্লা জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-৮১, তারিখ ২৫-১১-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/২০১৩)} এর ৬(২)/১২ ধারা মামলার আসামীগণ গত ২৫-১১-২০১৩ খ্রিঃ তারিখ রাত্র ২০:৩০ ঘটিকার সময় কোতোয়ালী মডেল থানাধীন মনোহরপুর সোনালী ব্যাংক কর্পোরেট শাখার সামনে ১৮ দলীয় ঐক্যজোটের নেতাকর্মীরা মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে দাঙ্গা সৃষ্টি করতঃ জননিরাপত্তা সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টি করে ককটেল বিস্ফোরণ ও আগ্নেয়াস্ত্র দ্বারা গুলি বর্ষণ, ইট পাটকেল নিক্ষেপ, রাস্তায় চলাচলরত যানবাহনসহ আশেপাশের দোকানপাট ভাংচুর ও সন্ত্রাসী কার্যকলাপ দ্বারা এলাকায় ত্রাস সৃষ্টি করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)/১২ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ, ০৫ ফেব্রুয়ারি ২০১৫/২৩ মাঘ ১৪২১

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৩-৭৯—ডিএমপি, পল্টন মডেল থানার মামলা নম্বর-২৬, তারিখ ২৭-১২-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৮/৯(১)(২)/১৩ ধারার মামলার আসামীগণ গত ২৭-১২-২০১৩ খ্রিঃ তারিখ ১৩:৩৫ ঘটিকার সময় ৩/১/বি পুরানা পল্টন আল-রাজি কমপ্লেক্স এর সামনে পাকা রাস্তার উপর জমায়েত হয়ে হাতে মারাত্মক অস্ত্রসস্ত্রে "আওয়ামী-বিএনপি শাসক গোষ্ঠিকে অপসারণ করে হিজবুত তাহরীর নেতৃত্বে খিলাফত প্রতিষ্ঠার সামরিক বাহিনীর নিষ্ঠাবান অফিসারদের নিকট ক্ষমতার দাবীতে সমাবেশ ও মিছিল" হিজবুত তাহরীর উলাইয়া বাংলাদেশ লেখা হাতে হাতে ব্যানার, ফেস্টুন, মাথায় আরবি লেখা সম্বলিত কাপড় বেঁধে সরকার বিরোধী মিছিল বের করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৮/৯(১)(২)/১৩ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ধারা ৪০ এর উপধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খায়রুল কবীর মেনন
উপসচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃঙ্খলা-১ শাখা

আদেশাবলী

তারিখ, ১৯ জানুয়ারি ২০১৫/৬ মাঘ ১৪২১

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৬.২০১২-৩৪—যেহেতু ডাঃ চিন্ময় কুমার দত্ত (১০১০০৪৬), প্রভাষক (মাইক্রোবায়োলজি), সিলেট এম জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট গত ০১-০৮-২০১২ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৩-০১-২০১৩ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৬.২০১২-৭৮ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ২১-০৮-২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৬.২০১২-৭১১ নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ১৭-১১-২০১৪ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০২২.২০১৪-৩৮২ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ০৭-০১-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ চিন্ময় কুমার দত্ত (১০১০০৪৬), প্রভাষক (মাইক্রোবায়োলজি), সিলেট এম জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেটকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১-০৮-২০১২ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৪ জানুয়ারি ২০১৫/১ মাঘ ১৪২১

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭২.২০১২-৩৭—যেহেতু ডাঃ এস, এম, আবু আহসান (৩৪১৮১), সিনিয়র কনসালটেন্ট (সার্জারী), আধুনিক সদর হাসপাতাল, ঠাকুরগাঁও গত ০৮-০৭-২০১১ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে বিভাগীয় মামলা রুজু করে ০৬-১২-২০১২ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭২.২০১২-১১০৭ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে গত ০৮-০৭-২০১১ তারিখ থেকে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ২৫-০৫-২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭২.২০১২-৩০৭নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ১৭-১১-২০১৪ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০৪৫.২০১৪-৩৮৩ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ০৭-০১-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ এস, এম, আবু আহসান (৩৪১৮১), সিনিয়র কনসালটেন্ট (সার্জারী), আধুনিক সদর হাসপাতাল, ঠাকুরগাঁওকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৮-০৭-২০১১ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৫ জানুয়ারি ২০১৫/২ মাঘ ১৪২১

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২৮৫.২০১২-৩৮—যেহেতু ডাঃ সৈয়দ ইসরার কামাল (৩৬৯৪২), জুনিয়র কনসালটেন্ট, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আগৈলঝাড়া, বরিশাল গত ১৯-১১-২০১১ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে বিভাগীয় মামলা রুজু করে ৩০-১২-২০১২ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.২৮৫.২০১২-১১৮৭ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ২৩-০১-২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.২৮৫.২০১২-৪৮ নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ১৭-১১-২০১৪ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০২৭.২০১৪-৩৮৫ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১২-০১-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ সৈয়দ ইসরার কামাল (৩৬৯৪২), জুনিয়র কনসালটেন্ট, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আগৈলঝাড়া, বরিশালকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১৯-১১-২০১১ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব।

পার-৩ অধিশাখা

আদেশ

তারিখ, ২৮ জানুয়ারি ২০১৫

নং ৪৫.১৪৪.০২৭.০০.০০.০০৮.২০১৩-৯৭—যেহেতু মৃত ডাঃ মোঃ আফজাল হোসেন (কোড নং ৪৫৫৫৯), ডেন্টাল সার্জন, সদর হাসপাতাল, রাজবাড়ীকে পুলিশ কর্তৃক গ্রেফতার হওয়ার কারণে ০৭-০৮-২০১৩ তারিখের আদেশে তাঁকে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়; এবং

যেহেতু মৃত ডাঃ মোঃ আফজাল হোসেন (কোড নং ৪৫৫৫৯), ডেন্টাল সার্জন, সদর হাসপাতাল, রাজবাড়ী গত ০২-০২-২০১৪ তারিখে মৃত্যুবরণ করায় সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা সমীচীন।

এক্ষণে সেহেতু মৃত ডাঃ মোঃ আফজাল হোসেন (কোড নং ৪৫৫৫৯), ডেন্টাল সার্জন, সদর হাসপাতাল, রাজবাড়ী এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো।

তার সাময়িক বরখাস্তকালীন সময় বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করা হলো।

সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব।

চিকিৎসা শিক্ষা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২০ জানুয়ারি ২০১৫

নং ৪৫.১৬৮.১২৮.০০.০০.০৩৩.২০১৩-৩৯—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ০৮-০৭-২০১৪ তারিখের ৪৫.১৬৮.১২৮.০০.০০.০৩৩.২০১৩ (অংশ-১)-৪২০ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে নোয়াখালী মেডিকেল কলেজের নাম আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী নামকরণ করা হয়। এক্ষণে সরকার উক্ত আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজের নাম অপরিবর্তিত রেখে হাসপাতালের নাম "জননেতা নূরুল হক আধুনিক হাসপাতাল" নোয়াখালী নামকরণ করলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রেহানা ইয়াছমিন
উপসচিব।

অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক সেল

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ জানুয়ারি ২০১৫

নং স্বাপকম/উপসচিব (অটিজম সেল)/বিবিধ-০১/২০১২ (অংশ-৩)/৪২—পুনরাদেশ না দেয়া পর্যন্ত অটিজম ও স্নায়ুবিকাশ-জনিত সমস্যা বিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটির ৮ম সভার সিদ্ধান্ত মোতাবেক অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা সম্পর্কে দেশের জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষে নির্বাচিত ন্যাশনাল সেলিব্রেটিদের সাথে আলাপ আলোচনা করে Programme Calendar একটি Outline প্রণয়নের নিমিত্ত নিম্নবর্ণিত মন্ত্রণালয়/সংস্থার সমন্বয়ে একটি উপ-কমিটি গঠন করা হ'ল ঃ

সভাপতি

(১) অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম সচিবের নিচে নয়)

(৩) তথ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম সচিবের নিচে নয়)

(৪) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম সচিবের নিচে নয়)

(৫) নিউরোডেভলপমেন্টাল প্রতিবন্ধী ডিজএ্যাবিলিটি ট্রাস্টি বোর্ড

(৬) জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর একজন প্রতিনিধি

(৭) প্যারেন্টস ফোরাম ফর ডিফারেন্টলি এ্যাবেল এর একজন প্রতিনিধি

(৮) ডাঃ মাজহারুল মান্নান, র‍্যাপোটিয়ার, জাতীয় স্টিয়ারিং কমিটি

(৯) জনাব মনোজ কুমার রায়, উপসচিব, স্বাপকম

(১০) জনাব সুবীর নন্দী, গায়ক, জাতীয় ব্যক্তিত্ব

(১১) জয়া আহসান, অভিনেত্রী, জাতীয় ব্যক্তিত্ব

উপ-কমিটির কার্যপরিধি ঃ

(১) উপ-কমিটি অটিজম বিষয়ে Programme Calendar একটি Outline প্রণয়নপূর্বক জাতীয় স্টিয়ারিং কমিটির নিকট একটি রূপরেখা উপস্থাপন করবে;

(২) পরবর্তীতে এই উদ্দেশ্যে নির্বাচিত সেলিব্রেটি এই উপ-কমিটির সদস্য হবেন;

(৩) উপ-কমিটি ৩০ জানুয়ারি, ২০১৫ মধ্যে Outline of Program Calendar প্রস্তুত চূড়ান্ত করবে।

মনোজ কুমার রায়
উপসচিব ও
প্রকল্প পরিচালক (অটিজম সেল)।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
শাখা-১০

বিজ্ঞপ্তি

তারিখ, ২৯ বৈশাখ ১৪২২/১২ মে ২০১৫

নং আঃ কোঃ বিবিধ-৯/২০০৮/১২৯—মহামান্য হাইকোর্ট বিভাগের রিট মামলা নং ৮৬/৯৯ এবং কনটেম্পট পিটিশন নং ০১/২০০৯ এর রায় বাস্তবায়নার্থে ২৩শে সেপ্টেম্বর ১৯৮৬ তারিখে বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা ৯৭৬২(৪) নং পৃষ্ঠার ২২ নং ক্রমিকে প্রকাশিত নিম্নবর্ণিত প্লটের ভূমি পরিত্যক্ত সম্পত্তির "ক" তালিকা থেকে শর্ত সাপেক্ষে সরকার অবমুক্ত করলেন ঃ

"ক্যান্টনমেন্ট এলাকা, ঢাকার মৌজা-ধামালকোট, সি এস ৫২ নং খতিয়ানের ৬৪ নং প্লটের আংশিক ০.৬২ একর ভূমি"।

২। এ অবমুক্তির পূর্ব পর্যন্ত উক্ত ভূমি পরিত্যক্ত সম্পত্তির তালিকায় অন্তর্ভুক্ত থাকাকালীন সরকারের নিকট কেহ কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবে না।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শরাফত আলী
সহকারী সচিব।

কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ০৬ মে ২০১৫

নং ১২.০৫২.০২৮.০০.০০.০০১.২০১০(অংশ-২)-৫৭৩—কৃষি মন্ত্রণালয়ের অধিনস্থ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হর্টিকালচার উইং-এর আওতায় মাশরুম উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা কে অনুমোদন করা হলো।

২। মাশরুম উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাক-এর মাশরুম গবেষণা ও সম্প্রসারণ কার্যক্রম কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হর্টিকালচার উইং-এর আওতায় পরিচালিত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী
উপসচিব।